

## মাস্টার্স পরীক্ষা শেষ হওয়ার ১৫ দিনের মধ্যে হল ত্যাগ করতে হবে

স্টাফ রিপোর্টার || মাস্টার্স পরীক্ষা সমাপ্ত হওয়ার ১৫ দিনের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শিক্ষার্থীদের হল ত্যাগ করতে হবে। বুধবার রাতে প্রভোস্ট কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এতে জানানো হয় পরীক্ষা হওয়ার পর এসব শিক্ষার্থীরা কোনভাবেই আর হলে থাকতে পারবে না।

প্রভোস্ট কমিটির বৈঠকে পর রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে এই বিষয়ে বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। এতে উল্লেখ করা হয় হল প্রশাসন প্রথম বর্ষে ভর্তি হওয়া শিক্ষার্থীদের মেধার ভিত্তিতে শূন্য আসনে সিট বরাদ্দ দেবে। কোন শিক্ষার্থী হল প্রশাসনের অনুমতি ছাড়া হলে উঠতে ও অবস্থান করতে পারবে না। কেউ এর ব্যত্যয় ঘটালে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঢাবি ক্যাম্পাসে বা হলগুলোতে কোন মাদকসেবী, মাদককারবারি, মাদকাসক্ত এবং সন্ত্রাসী অবস্থার সুনির্দিষ্ট তথ্য জানা থাকলে তা অনতিবিলম্বে সংশ্লিষ্ট হলের প্রভোস্ট ও বিশ্ববিদ্যালয়ের প্রেস্টেরকে অবহিত করতে শিক্ষার্থীদের এবং সংশ্লিষ্ট সবার প্রতি অনুরোধ জানানো হয়েছে। শিক্ষার্থীদের অধ্যয়নের সুবিধার্থে কেন্দ্রীয় লাইব্রেরির সময়সীমা ইতোমধ্যে রাত নয়টা পর্যন্ত বাড়ানো হয়েছে। প্রয়োজনে কেন্দ্রীয় লাইব্রেরির সময়সীমা আরও বাড়ানো এবং বিভাগীয় সেমিনার লাইব্রেরির সময়সীমাও বাড়ানোর বিষয়টি বিবেচনাধীন রয়েছে বলে বিজ্ঞপ্তি উল্লেখ করা হয়েছে।

ঢাবির প্রভোস্ট কমিটির সভায় বুয়েটের মেধাবী শিক্ষার্থী আবরার ফাহাদের নির্মম হত্যাকাণ্ডের তীব্র নিন্দা এবং এ হত্যাকাণ্ডে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িতদের আইনের আওতায় এনে দৃষ্টিমূলক শাস্তির দাবি জানানো হয়।

**Google বিজ্ঞাপনটিকে বন্ধ করেছে**

অ্যাড দেখা বন্ধ করুন

এই বিজ্ঞাপনটি কেন? ⓘ

**সাবধানবাণী:** বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক প্লোব জনকর্ত্ত শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্টার্স লিঃ ও জনকর্ত্ত লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

**কার্যালয়:** জনকর্ত্ত ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সাটন,  
জিপিও বাস্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),  
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
ই-মেইল: janakanthanews@gmail.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright ® All rights reserved by dailyjanakantha.com